



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২২৮.২৩.১৩৯৪

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০

০৪ ডিসেম্বর ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১১৬১৫/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১১৬১৫/২০২৩-এর ০৯/১০/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলাধীন কোদালিয়া গ্রামের বাসিন্দা জনাব নওশের আলী শিকদার-এর ০১১৫৬৭৬৯৭৬৩৬৯ নম্বরবিশিষ্ট এনআইডি বাংলাদেশ এনআইডি ওয়েব পোর্টাল থেকে ব্লক/অপসারণ এবং পরবর্তীতে উক্ত ব্যক্তির নামে ৬৮৯৬৫৫০৩৭০ নম্বরবিশিষ্ট নতুন এনআইনডি ইস্যু করা হয়। ফলে পিটিশনার জনাব নওশের আলী শিকদার বর্ণিত বিষয়ে প্রতিকার প্রার্থনার্থে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১১৬১৫/২০২৩ রুজু করেন। এ মোকদ্দমায় প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন-কে ১নং, স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ২নং এবং জেলা নির্বাচন কর্মকর্তা, বাগেরহাট-কে ৫নং প্রতিপক্ষ করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে নিম্নোক্ত রুল প্রদান করেন:

"...Direction upon the Respondents no. 1, 3, 5-7 to cancel/release/delete the impugned newly created/instated National Identity Card (NID) in the name of the Petitioner (Nawshar Ali Sikder) being ID No. 6896550370 from the concern website/server of the Respondent No. 1

...why the inaction of the respondent Nos. 1, 3, 5-7 of blocking or deleting the National Identity Card (NID) bearing No. 0115676976369 of the petitioner from the concern website/server of the respondent No. 1 should not be declared to have been made without lawful authority..."

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১১৬১৫/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (7842/potrojariAttachmentRef/51594/0/2240)

৪-১২-২০২৩

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lgglaw1@lgd.gov.bd

জেলা নির্বাচন অফিসার, বাগেরহাট

জেলা নির্বাচন অফিসারের দপ্তর

জেলা নির্বাচন অফিস, বাগেরহাট

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২২৮.২৩.১৩৯৪/১(৪)

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ



৪-১২-২০২৩

পূর্বী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)